অডিট সেল

**চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়**

চট্টগ্রাম-৪২২৫, বাংলাদেশ

ফোন: ০৩১-২৫৬৬৬২৩ পিএবিএক্স: ৬৫৯০৯৩/৬৫৯৪৯২-৯৩, এক্স-১৮৭

ফ্যাক্স: ০৩১-৬৫৯৬২০, ই-মেইল:ddaudit@gmail.com

ওয়েবসাইট: www.cvasu.ac.bd

**স্মারক নং-চভেএসাবি/অডিট/২০২৫/০৭** **তারিখ: ১৫/০৯/২০২৫ খ্রি.**

**বিষয়: ২০২৫-২৬ অর্থ বৎসরে প্রযোজ্য হারে মূসক এবং উৎস কর (সংশোধিত) কর্তন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৩৪৩ এ প্রদত্ত ক্ষমতা বলে, জাতীয় রাজস্ব বোর্ড কতৃক ২৬/০৫/২০২৫ খ্রি. তারিখে জারিকৃত প্রজ্ঞাপন এস.আর. ও. নং -১৫৭-আইন/আয়কর-১২/২০২৫ মূলে ইতিপূর্বে জারিকৃত উৎস কর বিধিমালা, ২০২৪ এর সংশোধন করেছে। মালামাল ক্রয়, সেবা ক্রয়, ও ভৌতকার্য সহ বিবিধ খাতে আরোপযোগ্য উৎস কর হার সংশোধন করা হয়েছে। মুসক ও উৎস কর খাত সমূহের বিবরণ এবং প্রযোজ্য হার সম্বলিত বিবরণী এতদ্সঙ্গে প্রেরণ করা হল।

ভবিষ্যতে অনুষ্ঠেয় অডিটে অডিট আপত্তি এড়ানোর জন্য সংযুক্ত তালিকায় বর্ণিত খাত সমূহে প্রযোজ্য হারে মূসক ও উৎস কর কর্তন পূর্বক সরকারি কোষাগারে/যথাযথ হিসাবে জমা করার অনুরোধ করা হল।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে-

মোঃ ইয়াছিন চৌধুরী
সিনি. উপ-পরিচালক (অডিট)

**স্মারক নং-চভেএসাবি/অডিট/২০২৫/০৭** **তারিখ: ১৫/০৯/২০২৫ খ্রি.**

**বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**

১। **কোষাধ্যক্ষ**, সিভাসু।
২। **ডিন** (ভেটেরিনারি মেডিসিন অনুষদ/ফুড সায়েন্স এন্ড টেকনোলজি অনুষদ/মাৎস্য বিজ্ঞান অনুষদ/বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ), সিভাসু।
৩। **রেজিস্ট্রার**, সিভাসু।
৪। **পরিচালক** (পিআরটিসি/বহিরাঙ্গন কার্যক্রম/ছাত্র কল্যাণ/IQAC/SAQTVH/One Health/গবেষণা ও সম্প্রসারণ//ফার্ম/কো-অর্ডিনেটর (উচ্চশিক্ষা ও গবেষণা)/পরিকল্পনা ও উন্নয়ন/ICBMF & WC/ টিচিং এন্ড ট্রেনিং পেট হাসপাতাল ও রির্সাচ সেন্টার), সিভাসু।
৫। **বিভাগীয় প্রধান** (এনাটমী ও হিস্টোলজি/ফিজিওলজি, বায়োকেমিষ্ট্রি ও ফার্মাকোলজি/এনিম্যাল সাইন্স এন্ড নিউট্রিশন/মাইক্রোবায়োলজি ও ভেটেরিনারি পাবলিক হেলথ/প্যাথলজি এন্ড প্যারাসাইটোলজি/জেনিটিক্স এন্ড এনিম্যাল বিডিং/ডেয়রী ও পোল্ট্রি সায়েন্স/এগ্রি. ইকো. এন্ড সোস্যাল সায়েন্স/ মেডিসিন ও সার্জারী/ফিজিক্যাল এন্ড ম্যাথমেটিক্যাল সাইন্সেস/এপ্লাইড কেমিষ্টি এন্ড কেমিক্যাল টেকনোলজি/এপ্লাইড ফুড সায়েন্স এন্ড নিউট্রিশন/ফুড প্রসেসিং এন্ড ইঞ্জিনিয়ারিং/ফিস বায়োলজি এন্ড বায়োটেকনোলজি/একোয়াকালচার/মেরিন বায়োরিসোস সায়েন্স/ফিশারিজ রিসোর্সেস ম্যানেজমেন্ট/ফিসিং এন্ড পোষ্ট হারভেস্ট টেকনোলজি/সেলুলার এন্ড মলিকুল্যলার বায়োলজি/ জিনোমিকস্ এন্ড বায়োইনফরমেটিক্স/ বায়োপ্রসেস এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং/ এনভায়রনমেন্টাল বায়োটেকনোলজি/ ইন্ডাস্ট্রিয়াল বায়োটেকনোলজি)।
৬। **প্রক্টর**, সিভাসু।
৭। **প্রভোস্ট** (বীর মুক্তিযোদ্ধা আবদুল্লাহ আল নোমান হল/বিজয় ২০২৪ হল/ডাঃ নাজির আহমেদ হল/বেগম রোকেয়া হল), সিভাসু।
৮। **পরীক্ষা নিয়ন্ত্রক**, সিভাসু।
৯। **প্রধান প্রকৌশলী**, সিভাসু।
১০। **পরিচালক (অর্থ ও হিসাব)**
১১। **লাইব্রেরীয়ান**, সিভাসু।
১২। **পরিচালক** (শা/শি), সিভাসু।
১৩। **সমন্বয়ক পরিবহন পুল**, সিভাসু।
১৪। **পরিচালক আইটিসি সেল**, সিভাসু। (সংশ্লিষ্ট সকলকে ই-মেইল পাঠানোর অনুরোধসহ)
১৫। **সিনি. উপ-পরিচালক** (পিআর), সিভাসু।
১৬। **সিনিয়র মেডিক্যাল অফিসার**, সিভাসু।
১৭। **পি.এস. টু ভিসি** (উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে) সিভাসু।

সিনি.উপ-পরিচালক (অডিট)
সিভাসু, চট্টগ্রাম।

# ২০২৫-২০২৬ অর্থ বৎসরে মূসক (ভ্যাট) ও উৎস কর (টিডিএস) আরোপযোগ্য সেবা খাত সমূহের তালিকা ও হার:

| ক্রম. নং | মূসক আরোপ যোগ্য সেবা খাত | | মূসক আরোপ যোগ্য সেবা খাত | আয়কর আরোপযোগ্য সেবা খাত |
|---|---|---|---|---|
| | সেবার কোড | সেবার নাম | শতকরা হার | শতকরা হার |
| ০১ | এস ০০১.১০ | এসি হোটেল (আবাসিক) | ১৫% | প্রযোজ্য নহে |
| | এস ০০১.২০ | এসি রেঁস্তোরা (খাবারের বিল) | ৫% | ৫% |
| | এস ০০১.১০ | নন এসি হোটেল | ১০% | প্রযোজ্য নহে |
| | এস ০০১.২০ | নন এসি রেঁস্তোরা (খাবারের বিল) | ৫% | ৫% |
| ০২ | এস ০২২.০০ | মিষ্টান্ন ভান্ডার | ১০% | ৫% |
| ০৩ | এস ০০২.০০ | ডেকোরেটর্স (ইভেন্ট ম্যানেজমেন্ট) ও ক্যাটারার্স | ১৫% | কমিশন বা ফি এর উপর ১০%; মোট বিলের উপর ২% |
| ০৪ | এস ০০৩.১০ | মোটর গাড়ির গ্যারেজ ও ওয়ার্কশপ | ১০% | ৮% |
| ০৫ | এস ০০৩.২০ | ডকইয়ার্ড | ১৫% | ৮% |
| ০৬ | এস ০০৪.০০ | নির্মাণসংস্থা | ১০% | ৫% |
| ০৭ | এস ০০৭.০০ | বিজ্ঞাপনী সংস্থা (নিউজ পেপার, টেলিভিশন, রেডিও এবং ওয়েব সাইট ইত্যাদি মাধ্যমে সম্প্রচার) | ১৫% | কমিশন বা ফি এর উপর ১০%; মোট বিলের উপর ০.৬৫% |
| ০৮ | এস ০০৮.১০ | ছাপা খানা সংস্থা | ১৫% | ১০% |
| ০৯ | এস ০০৯.০০ | নিলামকারী সংস্থা | ১৫% | মোট বিক্রয় মূল্যের উপর ১০% |
| ১০ | এস ০১০.১০ | ভূমি উন্নয়ন সংস্থা | ২% | ঢাকা, না.গঞ্জ, গাজীপুর, চট্টগ্রাম জেলা ৫%,অন্যান্য জেলা ৩% |
| ১১ | এস ০১০.২০ | ভবন নির্মাণ সংস্থা:<br>১ থেকে ১৬০০ ব.ফু.পর্যন্ত<br>১৬০১ ব. ফু. থেকে তদুর্দ্ধে<br>পুন: রেজিস্ট্রেশনের ক্ষেত্রে | <br>২%<br>৪.৫%<br>২% | পাচঁলাইশ, খুলশী, আগ্রাবাদ,নাসিরাবাদ ইত্যাদি এলাকার জন্য প্রতি বর্গমিটার আবাসিকের ক্ষেত্রে ১,৫০০, অনাবাসিকের ক্ষেত্রে ৫,০০০, চট্টগ্রাম সিটি কর্পো. এর অন্যান্য এলাকার জন্য আবাসিকের ক্ষেত্রে ১,০০০, অনাবাসিক ৩,৫০০, সিটি কর্পো. ব্যতীত অন্যান্য এলাকা আবাসিক ৩০০ অনাবাসিক ১,২০০। |
| ১২ | এস ০১২.১৪ | ইন্টারনেট সেবা | ৫% (শুধুমাত্র শিক্ষা প্রতিষ্ঠানে সেবা প্রদানের ক্ষেত্রে অব্যাহতি প্রাপ্ত) | ৫% |
| ১৩ | এস ০১৩.০০ | যান্ত্রিক লন্ড্রি | ১৫% | ১০% |
| ১৪ | এস ০১৪.০০ | ইন্ডেটিং সংস্থা | ১৫% | ৭.৫% |
| ১৫ | এস ০২০.০০ | জরিপ সংস্থা | ১৫% | ১০% |
| ১৬ | এস ০২১.০০ | প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা | ১৫% | মোট ভাড়া মূল্যের উপর ১০% |
| ১৭ | এস ০২৪.০০ | আসবাবপত্রের বিপণন কেন্দ্র:<br>(ক) উৎপাদন পর্যায়ে- (উৎপাদনকারী সরাসরি ভোক্তার নিকট সরবরাহ করিলে ১৫%)<br>(খ) বিপণন পর্যায়ে (শো রুম)<br>(উৎপাদন পর্যায়ে ৭.৫% হারে মূসক পরিশোধের চালান জমা প্রদান সাপেক্ষে অন্যথায় ১৫%) | <br>৭.৫%<br>৭.৫% | ৫% |
| ১৮ | এস ০২৮.০০ | কুরিয়ার ও এক্সপ্রেস মেইল সার্ভিস | ১৫% | কমিশনের উপর ১০%;<br>মোট বিলের উপর ২% |
| ১৯ | এস ০৩১.০০ | মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা | ১৫% | ৫% |
| ২০ | এস ০৩২.০০ | কনসালট্যান্সী ফার্ম ও সুপারভাইজরী ফার্ম | ১৫% | ১০% |
| ২১ | এস ০৩৩.০০ | ইজারাদার | ১৫% | মোট ইজারাকৃত আয়ের উপর ১০% |
| ২২ | এস ০৩৪.০০ | অডিট এন্ড একাউন্টিংফার্ম | ১৫% | স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে ১৫%, স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে ৭.৫% |
| ২৩ | এস ০৩৭.০০ | যোগানদার বা মালামাল সরবরাহকারী | ১০% | ৫% |
| ২৪ | এস ০৩৯.১০ | স্যাটেলাইট ক্যাবল অপারেটর ও সম্প্রচারকারী | ১৫% | কমিশন বা ফি এর উপর ১০%; মোট বিলের উপর ২% |
| ২৫ | এস ০৪০.০০ | সিকিউরিটি সার্ভিস | ১৫% | কমিশনের উপর ১০%;<br>মোট বিলের উপর ২% |
| ২৬ | এস ০৪৩.০০ | টেলিভিশন ও সম্প্রচার মাধ্যমে অনুষ্ঠান সরবরাহকারী | ১৫% | কমিশন বা ফি এর উপর ১০%; মোট বিলের উপর ২% |
| ২৭ | এস ০৪৫.০০ | আইন পরামর্শক | ১৫% | ১০% |
| ২৮ | এস ০৪৮.০০ | পরিবহন ঠিকাদার: (ক) পেট্রোলিয়াম জাত পণ্য পরিবহনের ক্ষেত্রে<br>(খ) অন্যান্য পণ্য পরিবহনের ক্ষেত্রে | ৫%<br>১৫% | ৫% |
| ২৯ | এস ০৪৯.০০ | যানবাহন ভাড়া প্রদানকারী | ১৫% | ৫% |
| ৩০ | এস ০৫০.১০ | আর্কিটেক্ট,ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর | ১৫% | ১০% |
| ৩১ | এস ০৫০.২০ | গ্রাফিক ডিজাইনার | ১৫% | ১০% |
| ৩২ | এস ০৫১.০০ | ইঞ্জিনিয়ারিং ফার্ম | ১৫% | ১০% |
| ৩৩ | এস ০৫২.০০ | শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী | ১৫% | কমিশন বা ফি এর উপর ১০%; মোট বিলের উপর ২% |
| ৩৪ | এস ০৫৩.০০ | বোর্ড সভায় যোগদানকারী, ট্রেনিং ফি, সম্মানী ইত্যাদির উপর | ১৫% | ১০% |
| ৩৫ | এস ০৫৪.০০ | উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী | ১৫% | কমিশন বা ফি এর উপর ১০%; মোট বিলের উপর ০.৬৫% |
| ৩৬ | এস ০৫৮.০০ | চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী সংস্থা | ১৫% | ১০% |
| ৩৭ | এস ০৬৩.০০ | টেইলারিং সপ ও টেইলার্স (শীতাতপ নিয়ন্ত্রিত টেইলারিং সপ ও টেইলার্স ) | ১০% | ১০% |
| ৩৮ | এস ০৬৫.০০ | ভবন, মেঝে ও অংগন পরিষ্কার বা রক্ষণাবেক্ষণকারীসংস্থা | ১৫% | কমিশনের উপর ১০%;<br>মোট বিলের উপর ২% |
| ৩৯ | এস ০৬৬.০০ | লটারীর টিকেট বিক্রয়কারী | ১৫% | ১০% |
| ৪০ | এস ০৭১.০০ | অনুষ্ঠান আয়োজক | ১৫% | কমিশনের উপর ১০%;<br>মোট বিলের উপর ২% |
| ৪১ | এস ০৭২.০০ | মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠান | ১৫% | কমিশনের উপর ১০%;<br>মোট বিলের উপর ২% |
| ৪২ | এস ০৭৪.০০ | স্থান ও স্থাপনা ভাড়া | ১৫% | মোট ভাড়ার উপর ৫% |
| ৪৩ | এস ০৮২.০০ | ও.টি.টি প্লাটফর্ম: ইন্টারনেট বা সমজাতীয় প্রযুক্তি ব্যবহার করিয়া সিনামা, নাটক বা ডকুমেন্টারী ইত্যাদি সোস্যাল মিডিয়ায় সম্প্রচারকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান। | ১৫% | কমিশনের উপর ১০%;<br>মোট বিলের উপর ০.৬৫% |
| ৪৪ | এস ০৮৭.০২ | বি,আর,টি.এ প্রদত্ত সেবা | ১৫% | ১০% |
| ৪৫ | এস ০৯৯.১০ | তথ্য প্রযুক্তি নির্ভর সেবা | ৫% | ১০% |
| ৪৬ | এস ০৯৯.২০ | কনফারেন্স হল ও কমিউনিটি সেন্টার, | ১৫% | মোট ভাড়ার উপর ৫% |
| ৪৭ | এস ০৯৯.২০ | অন্যান্য বিবিধ সেবা | ১৫% | ১০% |
| ৪৮ | এস ০৯৯.৩০ | স্পন্সরশীপ সেবা | ১৫% | ১০% |
| ৪৯ | এস ০৯৯.৬০ | ক্রেডিট রেটিং এজেন্সি | ১৫% | ১০% |
| ৫০ | - | লাইফ ইন্সুরেন্স প্রিমিয়াম | প্রযোজ্য নহে | পরিশোধিত অতিরিক্ত প্রিমিয়ামের উপর ৫% |

বি. দ্র.- ১) এস.আর.ও. নং- ১৮২-আইন/২০২৫/৩১০-মূসক, তারিখ: ২৭/০৫/২০২৫ খ্রি. মূলে জারিকৃত মূসক পরিপত্রের প্রতিপালনীয় বিধানাবলী প্রযোজ্য হবে।

২) এস.আর.ও. নং- ১৫৭-আইন/আয়কর-১২/২০২৫ তারিখ: ২৬/০৫/২০২৫ খ্রি. মূলে জারিকৃত অর্থ আইনের ধারা ৮৯ এর সারণীতে বর্ণিত পণ্য সমূহ ব্যতিত অন্যান্য সকল পণ্য সরবরাহের ক্ষেত্রে ভিত্তি মূল্যের উপর ৫% উৎস কর প্রযোজ্য হবে এবং ধারা ৯০ এর সারণীতে বর্ণিত সেবা সমূহ ব্যতিত অন্যান্য সকল সেবা সরবরাহের ক্ষেত্রে ভিত্তি মূল্যের উপর ১০% উৎস কর প্রযোজ্য হবে ।

## মূল্য সংযোজন কর (মূসক) ও উৎসে কর কর্তনের ক্ষেত্রে প্রতিপালনীয় বিষয় সমূহ ঃ

১। POS (Point of Sales) হতে ইস্যুকৃত মূসক চালান পত্রে (ফিসক্যাল রিসিট) এ আবশ্যিকভাবে সরবরাহ গ্রহীতার নাম ও নিবন্ধন নম্বর উল্লেখ থাকতে হবে তাহলে মূসক কর্তন করা হবে না। অন্যথায় মূসক প্রযোজ্য হবে। যেমন: বিভিন্ন মালামাল ক্রয়ের বিল, খাবারের বিল ইত্যাদি। (সরবরাহকারী ঠিকাদার হলে সরবরাহ গ্রহীতার নামের সাথে ঠিকাদারী প্রতিষ্ঠানের নামও উল্লেখ করা যেতে পারে।)

২। (ক) উৎপাদনকারী ১৫ (পনের) শতাংশ হারে বা হ্রাসকৃত হারে বা সুনির্দিষ্ট কর আরোপিত রহিয়াছে এইরূপ কোনো পণ্য উক্ত হার বা সুনির্দিষ্ট কর উল্লেখ পূর্বক ফরম মূসক-৬.৩ (কর চালানপত্র) এর মাধ্যমে সরবরাহ করিলে সেই ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করতে হবে না।

**(উল্লেখ যে, বর্ণিত ক্ষেত্রে Integrated VAT Administration System (IVAS) হতে প্রাপ্ত নিয়মিত দাখিলপত্র পেশ সংক্রান্ত প্রত্যয়নপত্র বা মূসক সম্মাননাপত্র সরবরাহ গ্রহীতার নিকট দাখিল করতে হবে বা বর্ণিত ৬.৩ বা চালানপত্র স্থানীয় কর কার্যালয়ের রাজস্ব কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।)**

(খ) কোন ব্যবসায়ী ফরম মূসক ৬.৩ (কর চালানপত্র) এর মাধ্যমে ১৫ (পনের) শতাংশ মূসক হার উল্লেখ পূর্বক পণ্য সরবরাহ করিলে সেই ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করতে হবে না।

**(উল্লেখ যে, বর্ণিত ক্ষেত্রে Integrated VAT Administration System (IVAS) হতে প্রাপ্ত নিয়মিত দাখিলপত্র পেশ সংক্রান্ত প্রত্যয়নপত্র বা মূসক সম্মাননাপত্র সরবরাহ গ্রহীতার নিকট দাখিল করতে হবে বা বর্ণিত ৬.৩ বা চালানপত্র স্থানীয় কর কার্যালয়ের রাজস্ব কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।)**

৩। জ্বালানী তেল, গ্যাস, পানি (ওয়াসা), বিদ্যুৎ, টেলিফোন, মোবাইল ফোন পরিষেবার বিল পরিশোধের ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করতে হবে না।

৪। ক) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন-২০১২ এর প্রথম তফসিলে উল্লেখিত পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহের ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করতে হবে না।

খ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন-২০১২ এর ধারা ২১ এর আওতায় শূন্যহার বিশিষ্ট সরবরাহের ক্ষেত্রে মূসক কর্তন করতে হবে না।

৫। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সময়ে সময়ে জারীকৃত প্রজ্ঞাপন/এসআরও দ্বারা অব্যহতি প্রাপ্ত পণ্য বা সেবার ক্ষেত্রে উৎসে কর ও মূল্য সংযোজন কর (মূসক) কর্তন করতে হবে না।

৬। আসবাবপত্রের উৎপাদক ১৫ (পনের) শতাংশ হারে মূসক প্রদর্শনপূর্বক স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের রাজস্ব কর্মকর্তা বা সহকারী রাজস্ব কর্মকর্তা কর্তৃক প্রত্যয়িত ফরম মূসক-৬.৩ প্রদান করিলে সেই ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করতে হবে না।

৭। উৎসে কর কর্তনের ক্ষেত্রে রিটার্ন দাখিলের প্রমানপত্র দাখিল করতে ব্যর্থ হলে বিদ্যমান হারের অতিরিক্ত ৫০% উৎসে কর কর্তন করতে হবে।

**(যেমন, উদাহরণস্বরূপ মূল হার যদি ১০% হয় তবে অতিরিক্ত আরও ৫% অর্থাৎ ১৫% উৎসে কর কর্তন করতে হবে)**

৮। ক) অফিস ভাড়ার উপর ৫% উৎসে কর এবং ১৫% মূসক কর্তন করতে হবে।

খ) ইন্টারনেট সেবার উপর ৫% উৎসে কর এবং ৫% মূসক কর্তন করতে হবে।

গ) সকল প্রকার স্টেশনারী (অফিস স্টেশনারী, প্রিন্টিং স্টেশনারী, টেবিল স্টেশনারী, ইত্যাদি), কম্পিউটার সামগ্রীর (প্রিন্টার, টোনার ইত্যাদি) বিলের উপর উৎসে কর ৫% এবং যদি যোগানদার (Procurement Provider) হয় সেক্ষেত্রে মূসক ১০%, অন্যথায় ১৫% কর্তন করতে হবে।

ঘ) মোটর গাড়ির গ্যারেজ ও ওয়ার্কশপ বিলের উপর উৎসে কর ৮% এবং মূসক ১০%, এছাড়া সকল প্রকার মেরামত ও রক্ষনাবেক্ষণ বিলের উপর উৎসে কর ৫% এবং মূসক ১৫% কর্তন করতে হবে।
**(কমিশন উল্লেখ থাকলে কমিশনের উপর ১০% প্রযোজ্য হবে।)**

ঙ) উপরোক্ত উল্লেখিত খাত ছাড়া অন্যান্য সকল ক্ষেত্রে বর্তমানে প্রযোজ্য হারে উৎসে কর এবং মূসক কর্তন করতে হবে।

**অডিট আপত্তি এড়ানোর জন্য-**

**(ক) বিভিন্ন খাতে উৎসে কর (Source Tax), মূল্য সংযোজন কর (VAT) কর্তনের নির্দেশনা যথাযথভাবে পরিপালন করার জন্য অনুরোধ করা হলো।**

**(খ) এতদবিষয়ে কোন তথ্য/ব্যাখ্যার প্রয়োজন হলে অথবা অস্পষ্টতা দেখা দিলে তা নিরসনের জন্য আয়কর ও মূসক বিষয়ক আইন, বিধি, এস, আর, ও. ইত্যাদি তথ্যের জন্য www.nbr.gov.bd ওয়েবসাইটটি ব্রাউজ করা যেতে পারে।**

**(গ) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক উৎসে কর ও মূসক কর্তনের হার পরিবর্তন করা হলে পরিবর্তিত হারে কর্তন করতে হবে।**

**সমাপ্ত**